দৈনিক
জনকণ্ঠ

তারিখ 24 DEC 2002
পৃষ্ঠা ১০ কলাম ৪

কম্পিউটার সায়েন্সে অনার্স কোর্স

জাতীয় বিশ্ববিদ্যালয় অধিভুক্ত 'বাংলাদেশ ইনস্টিটিউট অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি' (বিআইএসটি)-এ ২০০২-২০০৩ ইং সেশনে কম্পিউটার সায়েন্সে ৪ বছর মেয়াদী বিএসসি (অনার্স) কোর্সে ভর্তির জন্য দরখাস্ত আহ্বান করা হয়েছে। এই ইনস্টিটিউটে ভর্তির জন্য প্রার্থীকে এসএসসি ও এইচএসসি অথবা দাখিল ও আলিম/সমমান উভয় পরীক্ষায় কমপক্ষে দ্বিতীয় বিভাগে উত্তীর্ণ হতে হবে এবং গণিত/পদার্থবিদ্যা/পরিসংখ্যান/কম্পিউটার বিজ্ঞানে শতকরা ৪৫% নম্বর থাকতে হবে। যে কোন একটিতে তৃতীয় বিভাগ প্রাপ্ত ছাত্র/ছাত্রীরা আবেদন করার অযোগ্য বলে বিবেচিত হবে। এ ছাড়া 'ও' লেভেলের ক্ষেত্রে কমপক্ষে তিনটি সাবজেক্টে GCF এবং 'এ' লেবেলের ক্ষেত্রে দু'টি সাবজেক্টে GCF প্রাপ্ত হতে হবে। তবে পাঁচটি সাবজেক্টের মধ্যে কমপক্ষে তিনটিতে বি গ্রেড এবং দু'টিতে সি গ্রেড থাকতে হবে।

আবেদন ফরম সংগ্রহ ও জমা :
৩০-১২-২০০২ ইং তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে ২৫০ টাকার বিনিময়ে বিআইএসটির শান্তিনগরস্থ ক্যাম্পাস থেকে ভর্তির আবেদনপত্র ফরম ও প্রসপেক্টাস সংগ্রহ করা যাবে। চার কপি পাসপোর্ট ও দুই কপি স্ট্যাম্প সাইজ ছবি এবং শিক্ষাগত যোগ্যতার সত্যায়িত সনদপত্র পূরণকৃত ফরম জমা দেয়ার শেষ তারিখ ৫-১-২০০৩ ইং।

যোগাযোগের ঠিকানা : বাংলাদেশ ইনস্টিটিউট অব সায়েন্স এ্যান্ড টেকনোলজি (বিআইএসটি), ১২২ নিউ কাকরাইল রোড, ঢাকা-১০০০।